ঝিনাইদহে ১ হাজার দুস্থদের মাঝে খাদ্যসামগ্রী বিতরণ

ঝিনাইদহে করোনায় কর্মহীন হয়ে পড়া ১ হাজার হতদরিদ্র পরিবারের মাঝে প্রধানমন্ত্রী দেওয়া উপহার খাদ্যসামগ্রী ও নগদ টাকা বিতরণ করা হয়েছে।

সোমবার সকালে শহরের বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান স্টেডিয়ামে জেলা প্রশাসনের পক্ষ থেকে এ খাদ্যসামগ্রী বিতরণ করা হয়।

এসময় শহরের বিভিন্ন এলাকা থেকে আসা ইজিবাইক চালক, শ্রমিকদের মাঝে খাবার তুলে দেন জেলা প্রশাসক মজিবর রহমান। সেসময় ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও পৌরসভার মেয়র সাইদুল করিম মিন্টু, অতিরিক্ত জেলা প্রশাসক সেলিম রেজাসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। করোনাকালে ১০ কেজি চাল ও নগদ ৩’শ টাকা পেয়ে সন্তুষ্টি প্রকাশ করেন হতদরিদ্ররা।

ঝিনাইদহে লকডাউন বাস্তবায়নে সেনা টহল পরিদর্শনে কমান্ডিং জিওসি

ঝিনাইদহে কঠোর লকডাউন বাস্তবায়নে মানুষকে সচেতন ও বিনা প্রয়োজনে ঘরের বাইরে বের না হতে, কাজ করে চলেছে সেনাবাহিনী। সকাল থেকেই বৃষ্টি উপেক্ষা করে শহরের পায়রা চত্বরসহ বিভিন্ন স্থানে টহল দেয় মাঠে নিয়োজিত সেনা সদস্যরা।

সোমবার দুপুরে ঝিনাইদহে নিয়োজিত সেনা সদস্যদের টহল কার্যক্রম পরিদর্শণ করেন জেনারেল অফিসার কমান্ডিং(জিওসি) ও সেনাবাহিনীর ৫৫ পদাতিক ডিভিশনের কমান্ডার মেজর জেনারেল নুরুল আনোয়ার।

তিনি শহরের বিভিন্ন পয়েন্টে সেনা সদস্যদের টহল পরিদর্শন ও

পাশাপাশি মাঠ পর্যায়ে কর্মরত প্রশাসনের কর্মকর্তাদের সাথে করোনা পরিস্থিতি নিয়ে মতবিনিময় করেন। করোনাকালীন সময়ে লকডাউন বাস্তবায়নে সম্মুখসারির করোনাযোদ্ধাদের ধন্যবাদ জানান তিনি।

এসময় উপস্থিত ছিলেন ৮৮ পদাতিক ব্রিগেড কমান্ডার ব্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ মনোয়ার হোসেন খান, ২য় ইস্ট বেঙ্গল রেজিমেন্টের অধিনায়ক লেঃ কর্ণেল মোর্শেদুল হাসান, জেলা প্রশাসক মজিবর রহমান, পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম, ঝিনাইদহ পৌর মেয়র ও জেলা আওয়ামী লীগ সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু প্রমুখ।

মহেশপুর পৌরসভার উদ্যোগে ভ্যান চালকদের মধ্যে খাদ্য সামগ্রী বিতরণ

মহেশপুর পৌরসভার উদ্যোগে গতকাল সোমবার সকালে জেলা পরিষদ অডিটরিয়ামে মহামারী করোনা ভাইরাসের কারনে জীবন জীবিকা থেকে পিছিয়ে পড়া ভ্যান চালকদের মধ্যে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়।

মহেশপুর পৌরসভার মেয়র আব্দুর রশিদ খাঁনের সভাপতিত্বে উক্ত খাদ্য সামগ্রী বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ ৩ আসনের সংসদ সদস্য এ্যাড. শফিকুল আজম খাঁন চঞ্চল। এছাড়া উপস্থিত ছিলেন প্যানেল মেয়র রুহুল আমিন মিন্টুসহ অন্যান্য কাউন্সিলরগন। মেয়র আব্দুর রশিদ খাঁন জানান, ১,২ ও ৩ নং ওয়ার্ডে ২শ পরিবারের মাঝে চাল, ডাল ও আলু বিতরণ করা হয়। সর্বমোট ৭শ পরিবারকে সরকারি বরাদ্দ থেকে এই খাদ্য সহায়তা প্রদান করা হবে।

শের আলী মিয়া ১১৩ বছর বয়সে ইন্তেকাল

প্রথম ও দ্বিতীয় বিশ্বযুদ্ধ দেখা দেশের সবচে প্রবীন ও বয়স্ক মানুষ ঝিনাইদহ সদর উপজেলার মহারাজপুর ইউনিয়নের কুলবাড়িয়া গ্রামের শের আলী মিয়া হাওলাদার ইন্তেকাল করেছেন।

রোববার বিকাল সাড়ে ৪টার দিকে তিনি বার্ধক্যজনিত কারণে ইন্তেকাল করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ১১৩ বছর। এ খবর নিশ্চিত করেন মহারাজপুর ইউনিয়নের চেয়ারম্যান খুরশিদ আলম। জাতীয় পরিচয়পত্র মোতাবেক শের আলী মিয়া ১৯০৮ সালের ১৭ জুলাই (জাতীয় পরিচয়পত্র নং ৪৪১১৯৫৮৩৯৪৮৭০) জন্ম গ্রহন করেন।

গত ৯ জুলাই শের আলী মিয়ার ছেলে শহিদুল ইসলামের সঙ্গে কথা হলে তখন তিনি জানিয়েছিলেন জানান, তার পিতা আগের চেয়ে কম চলাফেরা করতে পারেন। হুইল চেয়ারে বসে সব কিছু করেন। খাওয়া দাওয়া আগের মতোই আছে। নিজে ওজু করে ৫ ওয়াক্ত নামাজ আদায় করেন। জীবনে কোন অসুখ বিসুখ তাকে স্পর্শ করেনি। শেষ জীবনে এসেও তিনি এক প্রাণবন্ত মানুষ।

জীবদ্দশায় শেল আলী মিয়া জানিয়েছিলেন, ১৯১৪ সালে যখন প্রথম বিশ্বযুদ্ধ শুরু হয় তখন তিনি সবেমাত্র কৈশর থেকে যৌবনে পা রেখেছেন। শরিয়তপুর জেলার নড়িয়া উপজেলার রাহাপাড়া গ্রামে তারা বসবাস করতেন। প্রথম বিশ্বযুদ্ধের কারণে ভারত বর্ষ থেকে ব্রিটিশরা যখন সৈন্য সংগ্রহ শুরু করে, তখন শের আলী ও তার বড় মামা আমজাদ আলী সরদার যুদ্ধে যাওয়ার জন্য ব্রিটিশ সৈন্যদলে নাম লেখান। সে সময় তারা তাকে একটি সার্টিফিকেটও দেন, যেটি তার ছেলেরা হারিয়ে ফেলেছেন। যুদ্ধের দামামা বেজে উঠলে তার মা-বাবাসহ বাড়ির সবাই কান্নাকাটি শুরু করেন।

যুদ্ধে যাওয়া বাধ্যতামুলক করে ব্রিটিশ নেতৃত্বাধীন জোট ফরমান জারী করলে শের আলী মিয়া ও তার বড় মামা তখন যুদ্ধে না গিয়ে পালিয়ে যান ভারতের বনগাঁর কাঠালিয়া গ্রামে। পরবর্তীতে সপরিবারে ভারতে বসবাস শুরু করেন। ভারত থেকে তিনি প্রায় শরীয়তপুরের রাহাপাড়া গ্রামে আসা যাওয়া করতেন।

আনুমানিক ২০/২২ বছর বয়সে তিনি পাশ্ববর্তী নলতা গ্রামের করম আলী

খুনকারের মেয়ে আছিয়া খাতুনের সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হন। প্রথম পক্ষের এক কন্যা সন্তান হওয়ার পর স্ত্রীর আর কোন সন্তান হবে না জানতে পেরে তিনি নলতা গ্রামের তমিজ উদ্দীন মাঝির কন্যা রুপভান বেগমকে দ্বিতীয় স্ত্রী হিসেবে ঘরে তোলেন। দ্বিতীয় স্ত্রীর পক্ষে ৫ ছেলে ও ১ মেয়ে। ১৯৬৮ সালে ছোট স্ত্রী রুপভান ও ১৯৯৯ সালে বড় স্ত্রী আছিয়া খাতুন ইন্তেকাল করেন।

শের আলী মিয়ার ভাষ্যমতে, ১৯৪৬ সালে ভারতে পাঞ্জাবে হিন্দু মুসলিম দাঙ্গা শুরু হলে সম্পত্তি বিনিময় করে তিনি ৫ ভাই ও পিতা মাতার সাথে চলে আসেন যশোরের চৌগাছা উপজেলার ভাদড়া গ্রামে। ভাদড়া গ্রামে এসে দেখেন মুসলিমদের নামাজ পড়ার কোন মসজিদ নেই। ১০/১৫ ঘর মানুষের বেশির ভাগ মুসলিম হিন্দু রীতি অনুসরণ করেন। এ সব দেখে তিনি নিজের ইমান আকিদা রক্ষা করতে চলে আসেন ঝিনাইদহের কুলবাড়িয়া গ্রামে।

এলাকার চেয়ারম্যান খুরশিদ আলম রোববার বিকালে জানান, পারিবারিক সিদ্ধান্ত মোতাবেক দেশের সবচে প্রবীনতম ব্যক্তি শের আলীর জানাযা ও দাফন সম্পন্ন হবে। তিনি দুঃখ করে বলেন, গিনেজ বুক অব ওয়ার্ড রেকর্ডস এ নাম ওঠানো আমাদের দাবী ছিল। কিন্তু সেটা আর হলো না।

ঝিনাইদহে যুবলীগের মাসব্যাপী খাদ্য বিতরণ কর্মসূচীর উদ্বোধন

শোকের মাস আগস্ট উপলক্ষে ঝিনাইদহে মাসব্যাপী দুস্থদের মাঝে খাবার বিতরণ কর্মসূচীর উদ্বোধন করা হয়েছে।

রোববার দুপুরে শহরের এইচএসএস সড়কের জেলা যুবলীগের কার্যালয় চত্বরে ভার্চুয়ালি এ কর্মসূচীর উদ্বোধন করেন কেন্দ্রীয় যুব লীগের যুগ্ম সম্পাদক সুব্রত পাল ও সাংগঠনিক সম্পাদক সাইফুল আল সোহাগ।

এসময় ঝিনাইদহ জেলা যুবলীগের আহবায়ক আশফাক মাহমুদ জন, যুগ্ম-আহবায়ক রাশিদুর রহমান রাসেল, যুগ্ন আহবায়ক শফিকুল ইসলাম শিমুল, হাফিজুর রহমান, রাজু আহম্মেদ, সদর উপজেলা যুবলীগের আহবায়ক শাহ মোঃ ইব্রাহীম খলিল রাজা, পৌর যুবলীগের আহবায়ক কাজী জাহিদ হাসান দিপুল, জেলা যুবলীগ নেতা জাহাঙ্গীর আলমসহ নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

পরে শতাধিক মানুষের মাঝে খাবার তুলে দেন নেতৃবৃন্দ। আয়োজকরা জানান, মাসব্যাপী শহরের চলাচলকারী ইজিবাইক, রিক্সা, ভ্যান চালক, দিনমজুরসহ দুস্থ মানুষের মাঝে জেলা যুবলীগের পক্ষ থেকে রান্না করা খাবার বিতরণ করা হবে।

শৈলকুপায় আসামীকে বাদীর ছুরিকাঘাত,প্রতিবাদে মহাসড়ক অবরোধ

ঝিনাইদহের শৈলকুপায় বাদীর লোকজন এক আসামীকে ছুরিকাঘাতে আহত করেছে। এরপর ঘটনাস্থলে থাকা শৈলকুপা থানার এক এসআই ও পুলিশ সদস্যসহ ৩ জনকে ঘেরাও করে এলাকাবাসি সেইসাথে ঝিনাইদহ-কুষ্টিয়া মহাসড়ক অবরোধ করে তারা।
জানা যায়, গত শুক্রবার বিকেলে শৈলকুপার গাড়াগঞ্জ এলাকায় ফুটবল খেলাকে কেন্দ্র করে হাবিবপুর গ্রামের মজিদ শেখের ছেলে আশা ছুরিকাঘাতে আহত হয় । এঘটনায় আশার পরিবার গাড়াগঞ্জ-মহেশপুরের সজিবুল ও তার পিতা আশরাফুল সহ কয়েকজনের বিরুদ্ধে থানায় একটি অভিযোগ দায়ের করে।
এলাকাবাসিরা জানায়,ঘটনার পরদিন শনিবার রাত ৯-৩০ টার দিকে থানার এসআই সাজ্জাদ হোসেন সহ কয়েকজন সাদা পোষাকে অভিযুক্তদের ধরতে গাড়াগঞ্জ যায়, সে সময় বাদীপক্ষের লোকজনও হাজির হয় এরপর গাড়াগঞ্জ স্ট্যান্ডে বসে থাকা আশরাফুলকে পেয়ে বাদিপক্ষের লোকজন মারধর ও ছুরিকাঘাত করে। এই ঘটনাকে কেন্দ্র করে ঘটনাস্থলে উত্তেজনা বাড়ে।এরপর সাদা পোশাকধারী এসআই সাজ্জাদ পুলিশ পরিচয় দেয়।

ঘটনাস্থল থেকে বাদীপক্ষের লোকজন পালিয়ে গেলেও এসআই সাজ্জাদ, কনস্টেবল রাশেদ ও বাদীপক্ষের হাফিজকে ঘিরে রাখে ক্ষুব্ধ এলাকাবাসী এবং তারা বিক্ষোভ দেখাতে থাকে।

গাড়াগঞ্জ বাস ষ্ট্যান্ডের বাসিন্দা সজল বলেন, পুলিশের উপস্থিতিতে এমন হামলার ঘটনায় আমরা হতবাক হয়েছি। আমরা দোষীদের শাস্তি দাবী করছি।

ঘটনার প্রতিবাদে ঝিনাইদহ-কুষ্টিয়া মহাসড়কে আগুন জ্বালিয়ে অবরোধ করে বিক্ষুব্ধ এলাকাবাসী। প্রায় ৩০ মিনিট সড়ক অবরোধের পরে সহকারী পুলিশ সুপার (শৈলকুপা সার্কেল) আরিফুল ইসলাম ও শৈলকুপা থানার ওসি জাহাঙ্গীর আলম ঘটনাস্থলে পৌঁছে আইনানুগ ব্যবস্থা নেওয়ার আশ্বাস দিলে এলাকাবাসী সড়ক অবরোধ তুলে নেয়। পরে হাফিজ, পুলিশের এসআই সাজ্জাদ এবং কনস্টেবলকে উদ্ধার করে নিয়ে যায় পুলিশ।

এ ব্যাপারে শৈলকুপা থানা ওসি জাহাঙ্গীর আলম বলেন, অভিযোগের ভিত্তিতে বাদীপক্ষের হাফিজ নামের একজনকে আটক করা হয়েছে, মামলা শেষে তাকে কোর্টে সোপর্দ করা হব্।ে ◌

।

ঝিনাইদহ জেলা শাখার উদ্যোগে শোকাবহ আগষ্টের প্রথম প্রহরে মোমবাতি প্রোজ্জ্বলন

বাংলাদেশ ছাত্রলীগ ঝিনাইদহ জেলা শাখার উদ্যোগে শোকাবহ আগষ্টের প্রথম প্রহরে মোমবাতি প্রোজ্জ্বলন করা হয়েছে।

শোকাবহ আগষ্টের প্রথম প্রহর মুজিব চত্বরে রাত ১২◌◌ঃ০১ মিনিটে মোমবাতি প্রোজ্জ্বলনের মাধ্যমে ভয়াল ১৫ আগষ্টের কালরাত্রি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব সহ নিহত সকলের স্বরণে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও পৌরসভার মেয়র সাইদুল করিম মিন্টু।

আরো উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের উপ-দপ্তর সম্পাদক ও হরিণাকুন্ডু উপজেলা পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন, জেলা ছাত্রলীগ এর সভাপতি রানা হামিদ ও সাধারণ সম্পাদক আব্দুল আওয়ালসহ ছাত্রলীগের নেতৃবৃন্দ ও কর্মীরা।

ঝিনাইদহে ভোগান্তি উপেক্ষা করে ঢাকা ছুটছে হাজার হাজার মানুষ

চলমান কঠোর লকডাউনের মাঝে কলকারখানা খোলার ঘোষনায় মহাসড়কে বেড়েছে মানুষের চলাচল। শনিবার সকাল থেকে ঝিনাইদহ শহরের কেন্দ্রীয় বাস টার্মিনালে ঢাকাগামী যাত্রীদের ভীড় বেড়ে যায়। বেলা বাড়ার সাথে সাথে বাড়তে থাকে ভীড়। বিভিন্ন স্থান থেকে ইজিবাইক, ভ্যান রিক্সা যোগে টার্মিনালে এসে হাজির হতে থাকেন তারা।

গণপরিবহন বন্ধ থাকায় বিপাকে পড়েন হাজারো কর্মজীবী মানুষ। কাজে যোগ দিতে ইজিবাইক, মাহেন্দ্রসহ ছোট ছোট যানে ঢাকায় ফিরতে ব্যাকুল হয়ে ওঠেন। এক জেলা থেকে অন্য জেলায় পৌছে সেখান থেকে নতুন বাহনে ঢাকা অভিমুখে ছুটছেন তারা। যাত্রীদের অতিরিক্ত চাপে ইচ্ছেমতো ভাড়া আদায় করে যানবাহন মালিক রা। কয়েকগুন বেশি ভাড়া দিয়ে চাকরী বাঁচাতে ঢাকায় ছুটছেন মানুষ। যানবাহন না পেয়ে অনেককে বসে থাকতে দেখা গেছে।

যশোর থেকে ঢাকাগামী যাত্রী রাশেদুল ইসলাম বলেন, আমরা যশোর থেকে আসছি। ঢাকা যাবো। আগামীকালকে থেকে তো অফিস খোলা। চাকরী বাঁচাতে অফিসে যেতেই হবে। সেই কারণে বাচ্চা-কাচ্চা নিয়ে অনেক কষ্ট-দুর্ভোগ সহ্য করে সিএনজি, অটোরিকসা করে ঝিনাইদহ পর্যন্ত পৌছেছি।

আব্দুল্লাহ নামের আরেক যাত্রী বলেন, আমি আসছি অভয়নগর যশোর থেকে। এখন যাব ঢাকা। আমার সঙ্গে স্ত্রী সন্তান আছে। এখন কি করে ঢাকা যাবো তা নিয়ে ভাবছি। তিনি বলেন, ১০ টাকার ভাড়া ১০০ টাকা নিচ্ছে।

তাও গাড়ি পাচ্ছি না। খুবই বিপদে আছি। চুয়াডাঙ্গার জীবননগর থেকে আসা নাজমুল হোসেন নামের এক যাত্রী বলেন, সরকার জনগণের কথা কখনো চিন্তাই করে না। আমাদের কথা যদি ভাবতো তাহলে গাড়ী চালু করতো। গাড়ী বন্ধ করে গার্মেন্টস খুলে দেওয়া কোন ভাবেই ঠিক হয়নি। এভাবে ভোগান্তী দেওয়া ঠিক না।

এ ব্যাপারে ঝিনাইদহ ট্রাফিট ইন্সপেক্টর সালাহউদ্দিন বলেন, সকাল থেকে টার্মিনালে মানুষের উপস্থিতি বেড়েছে। তারা ছোট ছোট যানবাহনে গন্তব্যে যাচ্ছেন।

হরিণাকুণ্ডুতে এমপি সমি সিদ্দিকীর খাদ্য সহায়তা বিতরণ

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে মহামারি করোনাভাইরাসের প্রভাবে কর্মহীন হয়ে পড়া এক হাজার হতদরিদ্র মানুষের মাঝে খাদ্য সহায়তা বিতরণ করা হয়েছে।
ঝিনাইদহ- ২ আসনের সংসদ সদস্যের ব্যক্তিগত উদ্যোগে উপজেলার একটি পৌরসভা ও আটটি ইউনিয়নে এই খাদ্য সহায়তা দেওয়া হয়।
এসব খাদ্য সহায়তার মধ্যে ছিল চাল ৮ কেজি, আলু ২কেজি, ডাল ১ কেজি, ১ লিটার তেল, পিয়াজ ১ কেজি ও লবন ৫০০ গ্রাম।
শনিবার শহরের ক্রীড়া সংস্থার মাঠ, শাখারিদহ ও জোড়াদহ এলাকায় হতদরিদ্রদের মাঝে এসব খাদ্য সহায়তা তুলে দেন সংসদ সদস্য তাহজীব আলম সিদ্দিকী সুমি।
এসময় উপজেলা নির্বাহী কর্মকর্তা সৈয়দা নাফিস সুলতানা, সংসদ সদস্যের প্রতিনিধি রওশন আলী, ওসি আব্দুর রহিম মোল্লা, পৌরসভার মেয়র ফারুক হোসেন, উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি অ্যাড, বজলুর রহমান, সংসদ সদস্যের প্রতিনিধি কামাল হোসেন, দৌলতপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সেরেগুল ইসলাম, যুবলীগ নেতা আসাদ, ছাত্রলীগের আহবায়ক রিগ্যান আলী, যুগ্ম আহবায়ক মানিক হোসাইন প্রমূখ উপস্থিত ছিলেন।

কোটচাঁদপুরে পুকুরের পানিতে ডুবে শিশুর মৃত্যু

ঝিনাইদহের কোটচাঁদপুরে পুকুরের পানিতে ডুবে শাফায়েত নামে ৫ বছরের এক শিশুর মর্মান্তিক মৃত্য হয়েছে।
শুক্রবার বিকালে উপজেলার কুশনা ইউনিয়নের আলোকদিয়া গ্রামে এ দূর্ঘটনা ঘটে। নিহত শাফায়েত ওই গ্রামের মোঃ আশরাফ আলীর ছেলে। নিহতের পিতা জানায়, শুক্রবার আমার বাড়িতে মেহমান আসে। বিকালে শাফায়েত বাড়ির পাশে নুর ইসলামের পুকুর পাড়ে একা খেলা করছিল। এসময় অসাবধানতাবশত সে পুকুরে পড়ে যায়। তাকে দেখতে না পেয়ে পরিবারের লোকজন খুঁজতে থাকে। পরে পুকুরের মধ্যে শিশু শাফায়েতকে ডুবন্ত অবস্থায় দেখতে পায়। এঘটনায় পরিবার ও এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।